



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের কৃতি শিক্ষার্থী মতবিনিময় সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের কৃতি শিক্ষার্থীদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সকাল ১০:৩০ টায় বরিশাল নগরীর হোটেল গ্র্যান্ড পার্কে এ মতবিনিময় সভার আয়োজন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (র.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. আতিউর রহমান। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের স্নাকত (সম্মান) শ্রেণিতে উত্তীর্ণ প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী শিক্ষার্থীর সাথে মতবিনিময়কালে ড. আতিউর রহমান বলেন, মেধাকে স্বীকৃতি দেওয়া মানে মেধাকে প্রকাশ করার ও মেধাবী গড়ে তোলার অন্যতম প্রয়াস। আমাদের সেই মেধা দরকার যেই মেধা যন্ত্রকে দখল করবে। এগিয়ে যাওয়ার প্রধান উপাদান গুণগত শিক্ষা। বিশ্ববিদ্যালয়ে প্রথাসিদ্ধ পাঠদানের পাশাপাশি সহশিক্ষার সাথে যুক্ত থাকতে হবে। বিশ্ববিদ্যালয়ে বসবে প্রাণের মেলা। আমাদের শিক্ষার্থীদের সুপার স্কিলে মনযোগী হতে হবে। আমাদের আরো বেশি ডিজিটালে দক্ষতা অর্জন করা দরকার। বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোর চেয়ে শিক্ষকদের দক্ষ হওয়া বেশি জরুরি। তিনি আরো বলেন, শিক্ষা পদ্ধতির উপর গুরুত্ব দিতে হবে। বঙ্গবন্ধুর শিক্ষার অগ্রগতির জন্য বিশেষ ভূমিকা রেখেছিলেন। তিনি অর্থনীতি পরিবর্তনের জন্য শিক্ষার উপর গুরুত্ব দেন। শিক্ষা অর্থনীতিকে পরিবর্তন করে দেয়। ১৯৭২ সালে বাংলাদেশের অর্থনীতির আকার ছিলো আট বিলিয়ন ডলার। আর এখন হাফ ট্রিলিয়ন ডলার। ২০৪১ সালের মধ্যে অর্থনীতির আকার হবে এক ট্রিলিয়ন ডলার। এছাড়া আমাদের সংকটে কৃষিই ভরসা। কৃষি আনুষ্ঠানিকভাবে ৪০ শতাংশ কর্মসংস্থানের সুযোগ করে দেয়। কৃষি আমাদের রক্ষাকবচ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) মো. শওকত আলী। আরও উপস্থিত ছিলেন বরিশাল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. ইউনুস আলী সিদ্দিকী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন কৃতি শিক্ষার্থী মতবিনিময় সভার আহবায়ক দিলআফরোজ খানম। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী। কৃতি শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন প্রাণ রসায়ন ও জীব প্রযুক্তি বিভাগের শিক্ষার্থী আরিফা রহমান এবং দর্শন বিভাগের শিক্ষার্থী রিয়াদ মোরশেদ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, লাইব্রেরিয়ান, প্রভোস্ট, প্রক্টর, শিক্ষকমন্ডলী, পরিচালকবৃন্দ, দপ্তরপ্রধান, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। রেজিস্ট্রার মো. মনিরুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়াও আমন্ত্রিত অতিথিবৃন্দ ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়